

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা  
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩  
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০  
[www.dme.gov.bd](http://www.dme.gov.bd)

স্মারক: নং- ৫৭.২৫.০০০০.০০৪.০২.০৩৭.১৬- ০৪৭৭

তারিখ: ১১.০১.২০১৭ খ্রি:।

বিষয়: উজামপুর দাখিল মাদরাসার এড-হক কমিটিতে ডি.জি, মাদরাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক একজন শিক্ষক প্রতিনিধি মনোনয়ন প্রদান।

সূত্র: (১) উজামপুর দাখিল মাদরাসার দরখাস্ত

তারিখ: ০৭.০৯.২০১৭ খ্রিঃ।

(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ২৪/বিবিধ-২-৮/২০০৮ (অংশ)/২৭৪

তারিখ: ০৯.০৯.২০১৫ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, উজামপুর দাখিল মাদরাসার এড-হক কমিটিতে ডি.জি, মাদরাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক একজন শিক্ষক প্রতিনিধি মনোনয়নের নিমিত্ত সূত্রোক্ত ১ নং স্মারকের মাধ্যমে মহোদয় কর্তৃক ০৩ (তিন) জনের নামের প্রস্তাব সম্বলিত একটি আবেদন দাখিল করা হয়েছে।

০২. দাখিলকৃত আবেদন ও আবেদনের সাথে সংযুক্ত কাগজপত্র ও তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় -

সুপার, উজামপুর দাখিল মাদরাসা কর্তৃক প্রেরিত এড-হক কমিটিতে শিক্ষক প্রতিনিধি মনোনয়ন তালিকার জনাব মোঃ উমর ফারুক একজন সহকারী মৌলভী এবং এবং তিনি অপর ০২(দুই) জন যথাক্রমে জনাব মোঃ আঃ কাদের এবং জনাব মোঃ ছিদ্দিকুল আলম এর চেয়ে জেষ্ঠ। একই সাথে তালিকায় উল্লেখিত দ্বিতীয় ও তৃতীয়জন জুনিয়র শিক্ষক/মৌলভী। কিন্তু উল্লেখিত তালিকায় প্রস্তাবিত প্রতিনিধির বিস্তারিত কোন তথ্য নেই। এমনকি কোন ব্যক্তির পক্ষে বর্তমান সভাপতি/সুপার কারো সুপারিশ নেই। তা ছাড়া পূর্বের অনুমোদিত কমিটির কোন প্রমাণকও সংযুক্ত করা হয়নি।

০৩. অত্র অধিদপ্তরে রক্ষিত নথি পর্যবেক্ষণে প্রতীয়মান হয় যে, গত ১৯.১২.২০১৬খ্রি. তারিখে স্মারক নং ৩৭.২৫.০০০০.০০৪.০২.০৩৭.১৬-১৭২৬ এর মাধ্যমে অত্র উজামপুর দাখিল মাদরাসার এড-হক কমিটিতে একজন শিক্ষক প্রতিনিধি (জনাব মোঃ উমর ফারুক) প্রদান করা হয়েছিল। দীর্ঘ ০৯ (নয়) মাস পর কী কারণে পুনরায় (নিয়মিত কমিটি গঠন না করে) এড-হক কমিটিতে শিক্ষক প্রতিনিধি চাওয়া হয়েছে, এর কোন স্পষ্ট কারণ উল্লেখ নেই।

০৪. এই প্রেক্ষিতে নিম্নবর্ণিত বিষয়গুলো স্পষ্ট করা প্রয়োজন:

(ক) প্রস্তাবিত ০৩ (তিন) জন শিক্ষকের মধ্যে যে কোন একজনের পক্ষে বর্তমান কমিটির সুপারিশ এবং উক্ত সুপারিশের পক্ষে যুক্তি।

(খ) বর্তমান/ইতোপূর্বে অনুমোদিত কমিটির তালিকা (প্রমাণকসহ)

(গ) কী কারণে নিয়মিত কমিটি গঠন করা হয়নি এর ব্যাখ্যা (প্রমাণকসহ)।

০৫. এমতাবস্থায়, অনুচ্ছেদ ০৪ এ বর্ণিত প্রমাণকসমূহ দাখিলের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সুপার

উজামপুর দাখিল মাদরাসা,

ডাক: উজামপুর, উপজেলা: উত্তরখান, জেলা: ঢাকা।

  
(ড. মোঃ আঃ মান্নান মোল্লা)

সহকারী পরিচালক

(দাখিল ও এবতেদায়ি মাদরাসা)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ফোন নং- ৯৩৪ ৭১৬১

ই-মেইল-[dgdmeb@gmail.com](mailto:dgdmeb@gmail.com)

অনুলিপি:

১. সচিব, কারিগরী ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম তলা) সচিবালয় লিংক রোড, ঢাকা

৩. সভাপতি, উজামপুর দাখিল মাদরাসা, ডাক: উজামপুর, উপজেলা: উত্তরখান, জেলা: ঢাকা।

৪. অফিস কপি।